উপজেলা পরিষদ কার্যালয়
ভালুকা, ময়মনসিংহ।

স্মারক নং- উ.প.কা/ভা.ম/উপজেলা কমিটি/২০২১-                    তারিখঃ ১৫/১১/২০২১ খ্রিঃ।

# নোটিশ

ভালুকা উপজেলা পরিষদের বাজার মূল্য পর্যবেক্ষণ, মনিটরিং ও নিয়ন্ত্রণ বিষয়ক উপজেলা কমিটির সদস্যগণকে জানানো যাচ্ছে যে, আগামী ২০/১১/২০২১ খ্রিঃ তারিখ সকাল ১০.০০ ঘটিকার নিম্নস্বাক্ষরকারীর অফিস কক্ষে সভা অনুষ্ঠিত হবে। উক্ত উপজেলা কমিটির সভায় যথাসময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

সভার আলোচ্যসূচি ঃ
১। নিত্যপণ্যের বাজার স্থিতিশীল রাখা সংক্রান্ত।
২। বাজার স্থিতিশীল রাখার জন্য যোগাযোগ ও সরবরাহ ব্যবস্থা বেগবান করা ।

(সেলিনা আক্তার)
উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান
উপজেলা পরিষদ
ভালুকা, ময়মনসিংহ।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/ কার্যার্থেঃ
১। জেলা প্রশাসক, ময়মনসিংহ।
২। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ভালুকা, ময়মনসিংহ।
৩। উপজেলা নির্বাহী অফিসার, ভালুকা, ময়মনসিংহ।
৪। চেয়ারম্যান.................................. ইউপি, ভালুকা।
৫। উপজেলা .....................................অফিসার/খাদ্য নিয়ন্ত্রক, ভালুকা, ময়মনসিংহ।
৬। সেনিটারি ইন্সপেক্টর, ভালুকা, ময়মনসিংহ।
৭। সভাপতি/ সাধারণ সম্পাদক, ভালুকা বাজার ব্যবসায়ী সমিতি, ভালুকা।
৮। অফিস কপি।

২০/১১/২০২১ খ্রিঃ তারিখ বাজার মূল্য পর্যবেক্ষণ, মনিটরিং ও নিয়ন্ত্রণ বিষয়ক উপজেলা কমিটির সভায় উপস্থিত সদস্যবৃন্দের স্বাক্ষরশীট ঃ

| ক্রমিক নং | সদস্যদের নাম | পদবি | স্বাক্ষর |
|---|---|---|---|
| ১. | জনাব সেলিনা আক্তার<br>মহিলা ভাইস চেয়ারম্যান<br>উপজেলা পরিষদ, ভালুকা | আহবায়ক | |
| ২. | জনাব মোঃ রফিকুল ইসলাম পিন্টু<br>ভাইস চেয়ারম্যান<br>উপজেলা পরিষদ, ভালুকা, ময়মনসিংহ। | সদস্য | |
| ৩. | মেয়র<br>ভালুকা পৌরসভা<br>ভালুকা, ময়মনসিংহ। | সদস্য | |
| ৪. | চেয়ারম্যান<br>৬নং ভালুকা ইউনিয়ন পরিষদ<br>ভালুকা, ময়মনসিংহ। | সদস্য | |
| ৫. | উপজেলা সমাবায় অফিসার<br>ভালুকা, ময়মনসিংহ। | সদস্য সচিব | |

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা সমবায় কর্মকর্তার কার্যালয়
ভালুকা, ময়মনসিংহ।

## বাজার মূল্য পর্যবেক্ষণ, মনিটরিং ও নিয়ন্ত্রণ বিষয়ক উপজেলা কমিটির কার্যবিবরণী

সভাপতি ঃ জনাব সেলিনা আক্তার, উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান, ভালুকা, ময়মনসিংহ।
সভার স্থান ঃ মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ এর অফিস কক্ষ।
সভার তারিখ ঃ ২০/১১/২০২১ খ্রিঃ সময় ঃ দুপুর ১০.০০ ঘটিকায়।

সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা ঃ পরিশিষ্ট-'ক'

সভাপতি উপস্থিত সম্মানিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। অতপর উপজেলা সমবায় কর্মকর্তা ভালুকা ও সদস্য সচিব কে ভালুকা উপজেলায় বাজার মূল্য পর্যবেক্ষণ, মনিটরিং ও নিয়ন্ত্রণ কার্যক্রমের উপর গুরুত্বারোপ করেন।

| ক্রঃ নং | আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|---|
| ১ | সভাপতি সভায় এলাকায় বাজার দর নিয়ন্ত্রণে রাখতে বাজার মূল্য পর্যবেক্ষণ , মনিটরিং ও নিয়ন্ত্রণের জন্য এ কমিটি গঠন করা হয় । সব সময় নিত্য প্রয়োজনীয় দ্রব্যাদিও সরবরাহ নিশ্চিতকরণ ও দ্রব্যমূল্য সহনীয় পর্যায়ে রাখার জন্য সিদ্ধান্ত গৃহীত হয় ।<br>মাওহা ইউনিয়ন পরিষদের সম্মনিত চেয়ারম্যান বাজার দর নিয়ন্ত্রণ করার জন্য বাজারে পণ্য সরবরাহ স্থিতিশীল রাখতে হবে এর বিকল্প নেই বলে উল্লেখ করেন ।<br>সভাপতি জানান যে কোন বিশেষমহল যেন নিত্য প্রয়োজনীয় দ্রব্যাদিও ব্যবসার উপর নিয়ন্ত্রণ রাখতে যেন না পারে সে জন্য সকলের সহযোগিতা কামনা করেন ।<br>চেয়ারম্যান , রামগোপালপুর ইউনিয়ন পরিষদ সভায় জানান যে নিত্য প্রয়োজনীয় পণ্যের মূল্য বিক্রয় কেন্দ্র প্রদর্শনের বিষয়ে মনিটরিং ও নিয়ন্ত্রণ এবং প্রতি মাসে কমপক্ষে ২ দিন বাজার পরিদর্শন সংক্রান্ত বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয় ।<br>উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, ভালুকা অদ্যকার সভায় জানান যে, বর্তমানে খাদ্য বিভাগের একটি অন্যতম কর্মসূচী "বোরো ধান সংগ্রহ/২০২১ ইং এর বিষয়ে লটারীর মাধ্যমে কৃষক নির্বাচনের নির্দেশনা রয়েছে। উপজেলা গমবায় বিভাগের মাধ্যমে ইউনিয়ন পর্যায়ের উপ সহকারী গমবায় কর্মকর্তাগণের মাধ্যমে আবেদন নিয়ে একান্নভূত তালিকা হতে কৃষক নির্বাচন করতে হবে। অত্র বিভাগের অন্যন্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে।<br>বর্তমানে খাদ্য বিভাগে বোরো সংগ্রহ/২০২১ চালু আছে। এ মৌসুমে ৮১৯৬ মে.টন চাল ও ৩৬০৮ মে.টন ধান ক্রয়ের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে।অদ্য পর্যন্ত চাল সংগ্রহ হয়েছে ৮২৪ মে.টন এবং ধান ১.০০০ মে.টন। আবহাওয়া ভালো হলে ধান সংগ্রহের গতি ত্বরান্বিত হবে বলে আশা করা যাচ্ছে। খাদ্য বিভাগের আরেকটি কর্মসূচী হলো "খাদ্য বান্ধব কর্মসূচী" এ কর্মসূচীর আওতায় বছরে সাত মাস কার্যক্রম চলবে। মার্চ, এপ্রিল, মে এবং সেপ্টেম্বর, অক্টোবর, নভেম্বর এবং িসেম্বর। বর্তমানে এ কর্মসূচীর আওতায় বর্তমানে কার্ড বিতরণ কার্যক্রম অব্যাহত আছে। এ ছাড়া অত্র বিভাগের অন্যন্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | সভায় বিস্তারিত আলোচনান্তে গমবায় ও কৃষক এই দুয়ের মধ্যে সমন্বয় সাধনের মাধ্যমে এর বিস্তার বাড়ানোর ব্যাপারে সভায় সিদ্ধান্ত হয়। |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

(সেলিনা আক্তার)
মহিলা ভাইস চেয়ারম্যান
উপজেলা পরিষদ, ভালুকা।

স্মারক নং- বাজার মূল্য পর্যবেক্ষণ, মনিটরিং ও নিয়ন্ত্রণ /ভা.ম/২০২১- তারিখঃ ২০/১১/২০২১ খ্রিঃ

অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থেঃ
১। জেলা প্রশাসক, ময়মনসিংহ।
২। উপ-পরিচালক স্থানীয় সরকার , ময়মনসিংহ।
৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ভালুকা, ময়মনসিংহ।
৪। উপজেলা নির্বাহী অফিসার, ভালুকা, ময়মনসিংহ।
৫। চেয়ারম্যান.............................................ইউপি, ভালুকা, ময়মনসিংহ।

উপজেলা সমবায় কর্মকর্তা
ভালুকা, ময়মনসিংহ।